[redacted] [redacted] [redacted] ‘[redacted]’[redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] ‘[redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

করেছেন। সেই সূত্রে জানা গেছে, ২০১৫ সালে অভিনেত্রী সায়নী ঘোষের টুইটার থেকে একটি গ্রাফিক শেয়ার হয়েছিল। একটি শিবলিঙ্গের ছবি। তাতে কন্ডোম পরাচ্ছেন এক নারী।

গ্রাফিক থেকে বোঝা যাচ্ছে, নারীকে এইডস সচেতনতার বিজ্ঞাপনের ম্যাসকট ‘বুলাদি’ হিসেবে চিহ্নিত করা হয়েছে। গ্রাফিকের ভেতরে লেখা, ‘বুলাদির শিবরাত্রি’। পোস্টের ক্যাপশনে ছিল, ‘এর থেকে বেশি কার্যকরী হতে পারেন না ঈশ্বর’।
বিজেপি নেতা তথাগত রায়ের অভিযোগ, হিন্দু ধর্মের পবিত্রতাকে নষ্ট করছেন সায়নী। শনিবার কলকাতার রবীন্দ্র সরোবর থানায় সায়নী ঘোষের বিরুদ্ধে এই অভিযোগে মামলা করেছেন তিনি।

অভিযোগপত্রে লেখা, ‘আমি শিবের ভক্ত। ১৯৯৬ সালে শিবের পূজা দেওয়ার জন্য পায়ে হেঁটে কৈলাস-মানস সরোবর যাত্রা করেছিলাম। অভিনেত্রী সায়নী ঘোষের এই ছবিটি দেখে আমার ধর্মীয় ভাবাবেগ আহত হয়েছে। আমার আবেদন, আপনারা এই বিষয়ে তদন্ত করে প্রয়োজনীয় পদক্ষেপ করুন সায়নী ঘোষের বিরুদ্ধে।’

অভিযোগপত্রের ছবি শেয়ার করে তথাগত ক্যাপশনে লিখেছেন, ‘সায়নী ঘোষ, আপনার বিরুদ্ধে ইতিমধ্যেই কলকাতা পুলিশের কাছে অভিযোগ দায়ের হয়েছে। তার মধ্যে গুয়াহাটি থেকে একজন ব্যক্তি আমায় জানিয়েছেন, তার ভাবাবেগও আঘাতপ্রাপ্ত হয়েছে। তিনিও মামলা করবেন। আশা করি, পুলিশ এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেবে।’

তবে অভিযোগটি সম্পূর্ণ অস্বীকার করেছেন সায়নী ঘোষ। নিজের টুইটার প্রোফাইল থেকে টুইট করে জানিয়েছেন, ২০১৫ সালে তার অ্যাকাউন্ট হ্যাক করা হয়েছিল। অ্যাকাউন্ট উদ্ধার করার পর তিনি এই ছবিটি সরিয়ে ফেলেছিলেন। উদ্দেশ্য প্রণোদিতভাবে কখনো কারোর ধর্মকে তিনি আঘাত করতে চাননি।

তার ভাষায়, ‘আমি আগেই বলেছি যে ২০১৫ সালের টুইটটির বিষয়ে আমি অবগত ছিলাম। যেই মুহূর্তে সেটিকে আমার নজরে আনা হয়, আমি সেটার তীব্র নিন্দা করে সবাইকে জানিয়ে ডিলিট করি…। তবে আজকের এই বিষয়টাকে কেন্দ্র করে যে বিদ্বেষের সম্মুখীন আমায় হতে হয়েছে, তা অত্যন্ত দুঃখজনক।’

অভিনেত্রী সায়নী ঘোষ জানান, ‘আইনি প্রক্রিয়া চলবে নিজের মতো। একজন দায়িত্বশীল নাগরিক হিসেবে সম্পূর্ণ সহযোগিতা করব আমি। তবে তাদের উদ্দেশ্য সফল হবে না। মানুষ সব বুঝতে পারছেন। তারাই বিচার

করবেন।’

শুক্রবার সকাল থেকেই টুইটারে বাক-যুদ্ধ শুরু হয়েছিল তথাগত রায় ও সায়নী ঘোষের মধ্যে। তার আগের দিন একটি বাংলা চ্যানেলে অতিথি বক্তা হিসেব উপস্থিত হয়েছিলেন সায়নী। সেখানে তিনি বলেছিলেন, ‘যেভাবে ‘জয় শ্রী রাম’ স্লোগানটিকে রণধ্বনিতে পরিণত করা হয়েছে, তা অত্যন্ত ভুল। উপরন্তু, এটি বাঙালি সংস্কৃতির মধ্যেও পড়ে না। ঈশ্বরের নাম ভালোবেসে বলা উচিত।’

সায়নীর বিশ্বাস সাম্প্রতিক টুইট যুদ্ধেরই ফলাফল এটা। তাকে এই পথে হারানোর চেষ্টা করছেন তথাগত রায়। তিনি তার আগের বক্তব্যে অনড় বলেই জানান। তার কথায়, ‘এই সব কিছুর প্রতি আমার একটাই প্রতিক্রিয়া, ‘চিত্ত যেথা ভয়শূন্য, উচ্চ যেথা শির’। এটাই মেনে চলব আমি।’

সূত্র : আনন্দবাজার

তৌসিফের বিরুদ্ধে জিডি

ছোট পর্দার তরুণ অভিনেতা তৌসিফ মাহবুবের বিরুদ্ধে থানায় জিডি করেছেন শামসুন্নাহার কনা নামের এক গৃহিণী। গতকাল শনিবার রাজধানীর হাতিরঝিল থানায় তিনি এই সাধারণ ডায়েরি করেন।

সাধারণ ডায়েরিতে উল্লেখ করা হয়েছে, অভিনেতা তৌসিফ মাহবুবের সঙ্গে ফেসবুকে ১৮ মাস আগে পরিচয় হয় শামসুন্নাহার কনার। পরিচিত হওয়ার পর গত ছয় মাস আগে একটি নম্বরে গৃহিণীর কাছ থেকে ২০ হাজার টাকা নেন তৌসিফ। এরপর তিনি তৃতীয় পক্ষ শাহরিয়া হোসেনের মাধ্যমে বিভিন্ন সময়ে আরও ৩ লাখ ২০ হাজার টাকা নেন। টাকা নেওয়ার পর তৌসিফ ওই গৃহিণীর সঙ্গে আর কোনো যোগাযোগ করেননি।

সাধারণ ডায়েরির বিষয়ে শামসুন্নাহার কনা জানান, তৌসিফ মাহবুবের সঙ্গে প্রায় দুই বছর আগে ফেসবুকে তার পরিচয় হয়। এরপর মডেল বানানোর কথা বলে বিভিন্ন সময়ে তার কাছ থেকে প্রায় ৫ লাখ টাকা নিয়েছেন তৌসিফ।

জিডির বিষয়ে গণমাধ্যমকে তৌসিফ জানান, এসব মিথ্যা ও বানোয়াট। ১২ জানুয়ারি রাতে চট্টগ্রাম থেকে ফ্লাইটে ঢাকায় নামার পর একটা ফোন পাই। কথোপকথন ছিল এ রকম, ‘ভাইয়া, আপনি তৌসিফ? আমি কনা বলছি। আমি আসলে ভুল তৌসিফের সঙ্গে কথা বলে ৫ লাখ টাকা দিয়ে ফেলছি। তারপর থেকে কন্টিনিউয়াসলি তিনি আমাকে ফোন দিয়েই যাচ্ছেন। আমাকে বিব্রতকর বিভিন্ন মেসেজ পাঠান। আমি একাধিক নম্বর ব্লক করি। আজ শুনি তিনিই আমার বিরুদ্ধে জিডি করেছেন!

মেয়েটি আমাকেই পছন্দ করত: সালমান খান

বলিউড সুপারস্টার সালমান খানের বিয়ে নিয়ে ভক্তদের আক্ষেপ থাকলেও বিন্দুমাত্র আফসোস নেই এ অভিনেতার। ভারতীয় গণমাধ্যম সূত্রে জানা গেছে, জনপ্রিয় রিয়েলিটি শো ‘বিগ বস’র মঞ্চে অভিনেত্রী কাজল সালমান খানের ব্যক্তিগত জীবন নিয়ে জানতে চান।

জীবনে কি এমন কোনো নারী আছেন, যাকে ভালো লাগলেও খুলে বলেন নি?

উত্তরে সালমান খান বলেন, একটি মেয়েকে আমার খুব ভালো লাগত। কিন্তু কখনো প্রেমের প্রস্তাব দেওয়া হয়নি। আমার তিন বন্ধু ওই মেয়ের সঙ্গে সম্পর্ক করার চেষ্টা করেছিল। কিন্তু পরে জানতে পারি, মেয়েটি আমাকেই পছন্দ করত।

হাসতে হাসতে সালমান খান আরও বলেন, বিয়ে না করে এক প্রকার বেঁচে গেছি। না হলে এতদিনে দাদু হয়ে যেতাম। ১৫-২০ বছর আগে মেয়েটির সঙ্গে দেখা হয়েছিল। ততদিনে ও দাদি হয়ে গেছে।

সিনেমার পাশাপাশি রিয়েলিটি শো বিগ বসের এবারের আসরও উপস্থাপনা করছেন সালমান খান।

ছাড়পত্র পেল ‘প্রিয় কমলা’

ছাড়পত্র পেল বাপ্পি-অপুর ‘প্রিয় কমলা’। শাহরিয়ার নাজিম জয় নির্মিত সিনেমাটি গত বিজয় দিবসকে টার্গেট করে সেন্সর বোর্ডে জমা দেওয়া হয়েছিল। কিন্তু ১৩ ডিসেম্বর বোর্ড সদস্যরা সিনেমাটি দেখে কিছু সংশোধনী সাপেক্ষে আবার জমা দিতে বলেন। পরবর্তীতে নতুন করে সিনেমাটি জমা দেন জয়। এবার সিনেমাটিকে ছাড়পত্র দিয়েছে বোর্ড।

সেন্সর বোর্ড সদস্য, চলচ্চিত্র প্রযোজক ও পরিবেশক সমিতির সভাপতি খোরশেদ আলম খসরু এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, আমরা আগেরবার সিনেমাটি দেখে কিছু সংশোধনী দিয়েছিলাম। পরিচালক আমাদের সংশোধনী মেনে সিনেমাটি জমা দেন। এবার আমরা সেন্সর ছাড়পত্র দিতে সম্মত হয়েছি।

‘প্রিয় কমলা’র প্রধান চরিত্রে অভিনয় করেছেন অপু বিশ্বাস ও বাপ্পী চৌধুরী। এ ছাড়া অভিনয় করেছেন সোহেল খান, সেহেঙ্গাল বিপ্লব, আজান, মালা প্রমুখ। সিনেমাটি প্রযোজনা করেছে ইমপ্রেস টেলিফিল্ম।

সিনেমাটির কাহিনি, চিত্রনাট্য ও সংলাপ করেছেন শাহরিয়ার নাজিম জয়।

গল্প সম্পর্কে জয় বলেন, “যুদ্ধের সময় একেবারের অজপাড়াগাঁয়ের নিটল প্রেমের গল্প ‘প্রিয় কমলা’। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ যখন সেই গ্রামে পড়ে তখন সেই প্রেম কীভাবে যুদ্ধে পরিণত হয় সেটিই তুলে ধরা হয়েছে এ ছবিতে। পাশাপাশি সেই ঘটনাকে ২০২০ সালের সঙ্গে লিঙ্ক করিয়ে দেখিয়েছি।”

কঙ্গনা রানাওয়াত এবার কাশ্মীরের রানি দিদ্দা

বলিউড অভিনেত্রী কঙ্গনা রানাওয়াত এবার কাশ্মীরের রানি দিদ্দার ভূমিকায় অভিনয় করবেন ‘মনিকর্ণিকা রিটার্নস’–এ। জানা গেছে, গত সপ্তাহেই কঙ্গনা এবং প্রযোজক কমল জৈন মিটিং করেছেন ‘মনিকর্ণিকা

রিটার্নস’ নিয়ে।

কঙ্গনার দু’জনেরই স্ক্রিপ্ট পছন্দ হয়েছে। তবে অভিনয়ের পাশাপশি কঙ্গনা পরিচালনাও করবেন কিনা স্পষ্ট নয়।

এর আগে, প্রথম ‘মনিকর্ণিকা’ ছিল ঝাঁসির রানি লক্ষ্মীবাঈকে নিয়ে। ‘মনিকর্ণিকা রিটার্নস’ তৈরি হবে কাশ্মীরের রানি দিদ্দার গল্প নিয়ে। রানি দিদ্দার একটি পা ছিল পোলিও আক্রান্ত। তবু তিনি ছিলেন লড়াকু নারী। এই বীরঙ্গনা মেহমুদ গাজনবিকে দু’বার যুদ্ধে পরাজিত করেছিলেন।

আমাকে আর কষ্ট দেবেন না, ভক্তদের রজনীকান্ত

দক্ষিণী সুপারস্টার রজনীকান্তের রাজনীতিতে যোগ দেওয়া নিয়ে গুঞ্জন বহু বছরের। গত ডিসেম্বর মাসে তার রাজনৈতিক দল গঠনের কথাও শোনা যাচ্ছিল। পরে স্বাস্থ্যগত কারণ দেখিয়ে রাজনীতির ময়দানে নামার পরিকল্পনা থেকে সরে আসেন রজনীকান্ত। গত মাসে তিনি জানিয়েছিলেন, রাজনীতিতে যোগ না দেওয়ার কথা। তারপরও তার ভক্তরা আশা ছাড়ছেন না।

তারা চান, চলচ্চিত্র জগতের মতো প্রিয় তারকা রাজনীতির মাঠেও দাপিয়ে বেড়াক। এ নিয়ে তাদের আয়োজনের শেষ নেই। রজনীকান্ত যাতে সিদ্ধান্ত বদলান সে জন্য বিক্ষোভও করেছে ভক্তরা।

এবার ভক্তদের উদ্দেশ্যে লিখেছেন রজনীকান্ত। ১১ জানুয়ারি এক বিবৃতিতে ৭০ বছর বয়সী এ অভিনেতা জানিয়ে দিয়েছেন, রাজনীতিতে তিনি যোগ দেবেন না। এ নিয়ে তাকে যেন এ বিষয়ে বারবার কষ্ট দেওয়া না হয় সে আহ্বানও জানিয়েছেন ভক্তদের প্রতি।

ভারতে রজনীকান্তকে দেবতার মতো পূজা করেন লাখ লাখ ভক্ত। রজনীকান্তকে নিয়ে ভক্তদের পাগলামির শেষ নেই। তাদের উদ্দেশে রজনীকান্ত লিখেছেন, আমি রাজনীতিতে যোগ না দেওয়ার কারণ বিস্তারিত

ব্যাখ্যা করেছি। আমি আমার সিদ্ধান্ত পৌঁছে দিয়েছি। রাজনীতিতে যোগ দিতে রাজি করানোর জন্য এমন অনুষ্ঠান করে দয়া করে আমাকে বারবার কষ্ট দেবেন না।

বিরাট-আনুশকার মেয়ের প্রথম ভিডিও

নতুন বছরের শুরুতেই সুখবর। বাবা হলেন ভারতীয় ক্রিকেট দলের অধিনায়ক বিরাট কোহলি। তার স্ত্রী বলিউড অভিনেত্রী আনুশকা শর্মা সোমবার দুপুরে মুম্বাইয়ের হাসপাতালে কন্যা সন্তানের জন্ম দেন। মা ও সন্তান দুজনেই ভালো আছে, জানান বিরাট।

এরপর থেকেই শুভেচ্ছার বন্যা বয়ে চলেছে স্যোশাল মিডিযায়। তারকা, ক্রিকেটার থেকে আমজনতা সবাই বিরাট-আনুশকার ঘরে লক্ষ্মীর আগমনে উচ্ছ্বসিত।

এদিকে সদ্যোজাত ভাতিজির প্রথম ভিডিও সোশ্যাল মিডিয়ায় শেয়ার করলেন বিরাট কোহলির ভাই বিকাশ কোহলি। তবে ভিডিওটিতে মাত্র একটিই ছবি শেয়ার করা হয়েছে। যেখানে বিরাট-আনুশকার মেয়ের পা জোড়া শুধু দেখা যাচ্ছে।

ছবিতে স্বাগত লিখে ক্যাপশনে বিকাশ লেখেন, তিনি কতটা আপ্লুত বাড়িতে দেবশিশু আসায়। ছোটবেলায় ক্রিকেট খেলার অভ্যাস ছিল বিকাশের। কিন্তু অল্প সময়েই বুঝে গিয়েছিলেন তার প্রতিভা সীমিত। সেই কারণেই ব্যবসায় মন দেন তিনি। তবে বিরাটের মতোই তিনি ফিটনেস ফ্রিক এবং সোশ্যাল মিডিয়ায় সক্রিয়। তাই ভাতিজির প্রথম ভিডিও তিনিই শেয়ার করলেন।

প্রথমবার জুটি বাঁধছেন হৃতিক-দীপিকা

নিজের ৪৭তম জন্মদিনে সিনেপ্রেমীদের সুখবর দিলেন হৃতিক রোশন। দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটিয়ে নিজের পরবর্তী ছবির কথা ঘোষণা করলেন বলিউডের এই অভিনেতা। তবে হৃতিকের ঘোষণায় যে এত বড় চমক লুকিয়ে ছিল, তা হয়তো টেরও পাননি দর্শকরা।

কী সেই চমক? প্রথমবার দীপিকা পাড়ুকোনের সঙ্গে জুটি বাঁধতে চলেছেন বলিউডের সুপারস্টার। দুই তারকাই দর্শকদের বহু হিট ছবি উপহার দিয়েছেন। ‘জিন্দেগি না মিলেগি দোবারা’ থেকে ‘পদ্মাবত’, বক্স অফিসে রীতিমতো ঝড় তুলেছিল এসব ছবি।

কিন্তু এখন পর্যন্ত হৃতিক ও দীপিকাকে স্ক্রিন ভাগ করতে দেখার সৌভাগ্য হয়নি অনুরাগীদের। এবার সিদ্ধার্থ আনন্দের হাত ধরে নতুন জুটিই পর্দায় ভেসে উঠবে। ‘ফাইটার’ ছবিতে একসঙ্গে অভিনয় করবেন দুই তারকা।

রবিবারই নিজের ৪৭তম জন্মদিন সেলিব্রেট করছেন হৃতিক। সুজান খানের সঙ্গে সম্পর্কে ইতি ঘটেছে ঠিকই। তবে সাবেক স্বামীকে জন্মদিনের শুভেচ্ছা পাঠাতে ভোলেননি সুজান। ছেলেদের সঙ্গে হৃতিকের একটি মিষ্টি ভিডিও পোস্ট করে তাকে শুভ কামনা জানিয়েছেন সাবেক স্ত্রী। পাশাপাশি অনেক বলিউড তারকারা সোশ্যাল মিডিয়ায় জন্মদিনের শুভেচ্ছাবার্তা পাঠিয়েছেন হৃতিককে।

প্রথম মোশন পোস্টার পোস্ট করেছেন হৃতিক। সঙ্গে লিখেছেন, ‘দীপিকার সঙ্গে নিজের প্রথম লড়াইয়ের (ফাইট) অপেক্ষায় আছি।’ ছবির নামেই ইঙ্গিত অ্যাকশনে ভরপুর সিনেমা হতে চলেছে ফাইটার।

তবে চলতি বছর নয়, ২০২২ সালের ৩০ সেপ্টেম্বর মুক্তি পাবে ‘ফাইটার’। অর্থাৎ সুপারহিট তারকা জুটির অ্যাকশন দেখতে আরও খানিক অপেক্ষা করতেই হবে দর্শকদের।

সূত্র : সংবাদ প্রতিদিন

‘লাভ জিহাদ’ বিরোধী আইনের পক্ষ নিয়ে যা বললেন কঙ্গনা

বর্তমানে ভারতে ‘লাভ জিহাদ’ একটি গুরুত্বপূর্ণ ইস্যু। মুসলিম যুবকরা হিন্দু যুবতীদের সঙ্গে প্রেম করে বিয়ে করাকেই দেশটিতে ‘লাভ জিহাদ’ নামে আখ্যা দেওয়া হচ্ছে। এবার এই ইস্যুতে নিজেকে জড়ালেন বলিউডের জনপ্রিয় অভিনেত্রী কঙ্গনা রানাউত।

ভারতের উত্তরপ্রদেশের পরে মধ্যপ্রদেশেও পাশ হয়েছে ‘লাভ জিহাদ’ বিরোধী আইন। এই পরিস্থিতিতে মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহানের কাছে নতুন আইনের ভূয়সী প্রশংসা করলেন কঙ্গনা।

নতুন ছবি ‘ধাক্কড়’-এর সদস্যদের নিয়ে শনিবার সে রাজ্যে যান বলিউড তারকা। সেখানেই তার সঙ্গে দেখা হয় মুখ্যমন্ত্রী শিবরাজের।
ওই সময়ের অভিজ্ঞতা নিয়ে কঙ্গনা বলেন, “মনে হচ্ছিল পরিবারের কোনো সদস্যের সঙ্গে দেখা হয়েছে।”

শিবরাজের কাছে ‘লাভ জিহাদ’ বিরোধী আইনের প্রশংসা করে কঙ্গনার মত, এই ধরনের আইনের খুব প্রয়োজন ছিল। এর সাহায্যে ভুয়া বিয়ের হাত থেকে আক্রান্তদের বাঁচানো যাবে। মধ্যপ্রদেশে আসতে পেরে তিনি অত্যন্ত আনন্দিত বলেও জানান।

সদ্যই মধ্যপ্রদেশে পাশ হয়েছে ‘লাভ জিহাদ’ বিরোধী আইন। তাতে ভিনধর্মে বিয়ের নামে ধর্মান্তকরণে চাপ দেওয়াকে অপরাধ হিসেবে গণ্য করে শাস্তির বিধান দেওয়া হয়েছে। এ ধরনের অভিযোগ প্রমাণিত হলে ১০ বছর পর্যন্ত কারাদণ্ড হওয়ার কথা উল্লেখ রয়েছে নতুন আইনে।

এদিকে ভোপালে এক তরুণীর আত্মহত্যার ঘটনায় ‘লাভ জিহাদ’-এর অভিযোগ এনেছেন পরিবারের সদস্যরা। আদিল খান নামে ওই যুবকের বিরুদ্ধে শুরু হয়েছে তদন্ত।

এদিন বিজেপি নেত্রী ইমারতি দেবীর সঙ্গেও দেখা করেন কঙ্গনা। এই নেত্রীকেই ‘আইটেম’ বলে কটাক্ষ করে বিতর্কে জড়িয়েছিলেন কংগ্রেস নেতা কমল নাথ। ইমারতি দেবীর সঙ্গে কথা বলার পরে সাংবাদিকদের

সামনে নারী নির্যাতনের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিতে দেখা যায় কঙ্গনাকে। মেয়েদের ওপরে হওয়া অপরাধের ক্ষেত্রে দ্রুত বিচার হওয়া প্রয়োজন বলে জানান তিনি।

সম্প্রতি ‘লাভ জিহাদ’ আইনের বিরুদ্ধে ভারতীয় হাইকোর্ট পিটিশন দায়ের করেছেন কয়েকজন আইনজীবী ও অধিকারকর্মী। পিটিশনকারীরা দাবি করেন, জননীতি ও বৃহত্তর সমাজের পরিপন্থী আইন পাশ করেছে উত্তরপ্রদেশ ও উত্তরাখণ্ড। একইসঙ্গে সংবিধানের মূল কাঠামোকে লঙ্ঘন করছে দুই বিজেপি-শাসিত রাজ্যের আইন।

মধ্যপ্রদেশ, কর্ণাটক, হরিয়ানা ও আসামের মতো রাজ্যও ‘লাভ জিহাদ’ আইন প্রণয়নের পরিকল্পনা করছে, তা পিটিশনে উল্লেখ করা হয়। বলা হয়, শুধুমাত্র উত্তরাখণ্ড বা উত্তরপ্রদেশের বিষয় নয় এটি, কারণ ২০১৯ সালে একই ধরনের আইন পাশ করেছে হিমাচল প্রদেশ। সম্প্রতি পশ্চিমবঙ্গে বিজেপি নেতারা জানান, এ রাজ্যে নির্বাচনে জয়ী হলে একই ধরনের আইন চালু হবে।